

# চুয়াডাঙ্গা পৌরসভা কার্যালয়

## জেলা-চুয়াডাঙ্গা।

স্থান : পৌরসভা মিলনায়তন।

তারিখ : ২৪/০৯/২০২০ ইং

সময় : সকাল ১১.০০ ঘটিকা।

সভাপতিঃ জনাব, মুন্সি মোঃ রেজাউল করিম খোকন, কাউন্সিলর ০২ নং ওয়ার্ড, চুয়াডাঙ্গা পৌরসভা।

উক্ত সভা পৌরসভা মিলনায়তনে দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটির সভাপতি জনাব, মুন্সি মোঃ রেজাউল করিম খোকন এর সভাপতিত্বে সকাল ১১.০০ ঘটিকায় ২৪/০৯/২০২০ ইং তারিখে অনুষ্ঠিত হয়। সভার আলোচনা ও সিদ্ধান্ত সমূহ নিম্নে লিপিবদ্ধ করা হলো :-

ক্রমিক নং	আলোচ্যসূচী	আলোচনা	সিদ্ধান্ত সমূহ	সিদ্ধান্ত বাস্তবায়ন
১।	পূর্ববর্তী সভার কার্য-বিবরণী পাঠ ও অনুমোদন।	সভাপতির অনুমতি ক্রমে, বস্তি উন্নয়ন কর্মকর্তা, জনাব কে এম আব্দুস সবুর খান বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শোনান। বিস্তারিত আলোচনার পর কার্যবিবরণী যথাযথভাবে লিপিবদ্ধ হওয়ায় তা সর্ব-সম্মতিক্রমে অনুমোদন করা হয়।	১. গত সভার কার্য বিবরণী অনুমোদন করা।	সভাপতি, দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটি।
২।	গরীব ও দুস্থ ব্যক্তিদের মধ্যে আর্থিক সাহায্য প্রদান সম্পর্কিত আলোচনা।	দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটির সভাপতি জনাব, মুন্সি মোঃ রেজাউল করিম খোকন বলেন আমরা পৌরসভার রাজস্ব ফান্ড হতে কিছু সংখ্যক গরীব ও দুস্থ ব্যক্তিদের মধ্যে আর্থিক সাহায্য প্রদান করব। কমিটির অপর সদস্য জনাব, মোঃ আবুল হোসেন বলেন হত দরিদ্রদের মাঝে আর্থিক সাহায্য প্রদান করলে তারা বেশ উপকৃত হবে। কমিটির অপর সদস্য জনাব, মোছাঃ শেফালী খাতুন বলেন, গরীব ও দুস্থ ব্যক্তিদের মধ্যে আর্থিক সাহায্য প্রদানের মাধ্যমে যারা আর্থিক ভাবে অস্বচ্ছল তাদেরকে ব্যবসা বানিজ্যের মাধ্যমে আর্থিক ভাবে স্বচ্ছল করা সম্ভব। কমিটির অপর সদস্য দারিদ্র শ্রেনীর প্রতিনিধি জনাব মোছাঃ সাফিয়া খাতুন বলেন পৌরসভা হতে প্রতিমাসেই কম বেশি আর্থিক সাহায্য প্রদান করা হয়। পরিশেষে গরীব ও দুস্থ ব্যক্তিদের মধ্যে আর্থিক সাহায্য প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়।	২। গরীব ও দুস্থ ব্যক্তিদের মাঝে আর্থিক সাহায্য প্রদান করা।	সভাপতি ও দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটি।
০৩।	তৃতীয় কিস্তির টাকা উত্তোলন প্রসঙ্গে আলোচনা।	সভার শুরুতেই দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটির সভাপতি জনাব মুন্সি মোঃ রেজাউল করিম খোকন তৃতীয় কিস্তির টাকা উত্তোলন প্রসঙ্গে জানতে চান। কমিটির সাচিবিক দায়িত্ব পালনকারী বস্তি উন্নয়ন কর্মকর্তা জনাব কে এম আব্দুস সবুর খান বলেন অনুমোদিত ০৪টি বস্তির জন্য প্রথম কিস্তিতে প্রাক্কলিত মূল্য টাকা হতে স্ব স্ব বস্তির জন্য ২৫% নেওয়া হয়েছিল। উক্ত টাকা শেষ হওয়ার পর দ্বিতীয় কিস্তির ২৫% টাকার মধ্যে স্ব স্ব বস্তির ক্ষেত্রে ৬০% টাকা এসআইসি কমিটির এ্যাকাউন্টে প্রদান করা হয়। এমতাবস্থায় দ্বিতীয় কিস্তির ২৫% টাকার মধ্যে প্রদানকৃত ৬০% টাকা শেষ হওয়ায় এবং Gov. এ্যাকাউন্টে টাকা না থাকায় বাকি টাকা প্রদান করতে পারিনি। এমতাবস্থায় অনুমোদিত ০৪টি বস্তির অবকাঠামো কাজ চলমান রাখার স্বার্থে তৃতীয় কিস্তির টাকা উত্তোলন করা দরকার। সেক্ষেত্রে তৃতীয় কিস্তির টাকা অগ্রীম চেয়ে পৌরসভার মেয়র বরাবর ইতিমধ্যে আবেদন করা হয়েছে। কমিটির অপর সদস্য পৌরসভার নির্বাহী প্রকৌশলী জনাব মোঃ আয়ুব আলী বিশ্বাস বলেন বস্তির অবকাঠামো কাজ দ্রুত বাস্তবায়ন করতে হবে। কমিটির অপর সদস্য সংরক্ষিত ওয়ার্ড কাউন্সিলর জনাব মোছাঃ শেফালী খাতুন বলেন অনুমোদিত ০৪টি বস্তিতে টয়লেট নির্মাণের কাজ চলমান রয়েছে। কমিটির অপর সদস্য দারিদ্র শ্রেনীর প্রতিনিধি জনাব মোছাঃ সাফিয়া খাতুন বলেন বস্তি এলাকায় অবকাঠামো কাজ বাস্তবায়ন করায় এলাকাসী অত্যন্ত খুশি। কমিটির অপর সদস্য ০৭ নং ওয়ার্ড কাউন্সিলর জনাব মোঃ আবুল হোসেন বলেন যতদ্রুত সম্ভব অবকাঠামো কাজ বাস্তবায়ন করতে হবে। এবং তৃতীয় কিস্তির টাকা পাওয়া মাত্র বস্তিতে স্ট্রিট লাইট ও নলকূপের কাজ আরম্ভ করতে হবে। এমতাবস্থায় তৃতীয় কিস্তির টাকা অগ্রীম উত্তোলন পূর্বক অবকাঠামো কাজ বাস্তবায়ন করার সিদ্ধান্ত গৃহীত হয়।	৩। তৃতীয় কিস্তির টাকা অগ্রীম উত্তোলন পূর্বক অবকাঠামো কাজ বাস্তবায়ন করা।	সভাপতি ও দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটি ও এসআইসি কমিটি।